

মানসম্মত প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে জেলা প্রাথমিক শিক্ষা অফিস কুষ্টিয়া সর্বদা সচেষ্টিত রয়েছে। জেলায় মানসম্মত শিক্ষা বাস্তবায়নে ইতোমধ্যে ১১ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। ১১ দফার আলোকে এপিএ পুনঃবিন্যাস করা হয়েছে। ২০২২ সালে জেলায় ৪৭৪ জন নতুন শিক্ষক নিয়োগ করা হয়েছে। জানুয়ারির ১ তারিখে সকল শিক্ষার্থীকে বিনামূল্যের চার রঙে মুদ্রিত পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। বিগত তিন অর্থবছর যাবৎ মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীর মায়ের একাউন্টে উপবৃত্তির অর্থ প্রদান করা হচ্ছে। প্রতি বছর সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLI P) বাস্তবায়নের জন্য ছাত্র সংখ্যা বিবেচনায় বাৎসরিক ৫০ হাজার হতে ১ লক্ষ টাকা করে প্রাপ্ত বরাদ্দ যথাযথভাবে বিদ্যালয়ের ও শিক্ষার মান অর্জনে ব্যয় অব্যাহত রয়েছে। কোভিড-১৯ পরবর্তী ২০২২-২৩ অর্থ বছরে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আস্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা এবং শিক্ষা সপ্তাহ পালন করা হয়েছে।

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ এবং ঝরে পড়া হ্রাসকরণ। শিক্ষকমন্ডলীকে উৎসাহিতকরেশিক্ষারদক্ষতা (শোনা, বলা, পড়া, লেখা) অর্জনের চ্যালেঞ্জ বিদ্যমান রয়েছে। ৩য়-৫ম শ্রেণি ৩০% শিক্ষার্থী বাংলা ও ৪০% শিক্ষার্থী ইংরেজি রিডিং পড়তে পারেন দরিদ্র ও অস্বচ্ছল অভিভাবকগণকে তাঁদের শিশুদের নিয়মিত বিদ্যালয়ে প্রেরণে উদ্বুদ্ধ করা। ৫ বছর মেয়াদী পাঠচক্র সফল সমাপ্তি চ্যালেঞ্জ বিদ্যমান রয়েছে। এছাড়াও ৪+ শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের চ্যালেঞ্জ রয়েছে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান;
- শিক্ষাবর্ষের শুরুতেই শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ;
- সকল শিক্ষার্থীর হাতের লেখা ও রিডিং পারদর্শিতা অর্জন নিশ্চিত করা;
- পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষক প্রশিক্ষণ অব্যাহত থাকবে;
- সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLI P) বাস্তবায়ন।